

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

[আইন-২ অধিশাখা]

www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.১৭৫.২০১৭-৫৩

তারিখঃ ৪ শ্রাবণ ১৪২৪
১৯ জুলাই ২০১৭


বিষয়ঃ রীট পিটিশন নং-৪০৫০/২০১৭ পিটিশনার জনাব মোঃ সাইফুল ইসলাম পিং- মৃত চান মিয়া, ভাইস-চেয়ারম্যান (সাময়িক বরখাস্ত), দেবিদ্বার উপজেলা পরিষদ, জেলাঃ কুমিল্লা - বনাম - সরকার ও অন্যান্য।

- সূত্রঃ ১. জেলা প্রশাসক, কুমিল্লা'র ২২.০৬.২০১৭ তারিখের ৭৪১ নম্বর স্মারক।
২. স্থানীয় সরকার বিভাগের ২৮.০৫.২০১৭ তারিখের ১২৫৪ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান জনাব মোঃ সাইফুল ইসলাম'কে সরকার কর্তৃক সাময়িক বরখাস্ত করা হলে তিনি উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৭(সাত) জনকে প্রতিপক্ষ করে বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে এই রীটটি দায়ের করেন। উক্ত মোকদ্দমায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্র-২ বর্ণিত স্মারকে ইতিপূর্বে তাঁকে অনুরোধ করা হয়েছিল।

২. এমতাবস্থায়, জেলা প্রশাসক, কুমিল্লা'র নিকট থেকে প্রাপ্ত দফাওয়ারী জবাব এবং প্রাসঙ্গিক কাগজপত্র এতদসঙ্গে প্রেরণ পূর্বক মোকদ্দমায় সরকার পক্ষে জবাব দাখিল ও মামলায় প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে ... ফর্দ।


১৯.৭.১৭
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

বিজ্ঞ সলিসিটর

সলিসিটর উইং

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২. যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
৩. জেলা প্রশাসক, কুমিল্লা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি/মাস্টার কপি।